

Rani Rashmoni Green University

Tarakeswar, Hooghly

M.A. 4th Semester Examination, 2025

বাংলা

বিষয়ান্তর্গত ঐচ্ছিককোর্স : প্রাগাধুনিকবাংলাসাহিত্যওসংস্কৃতি

পত্র - ৪০৩

সময় : ২ঘণ্টাপূর্ণমান : ৪০

(দক্ষিণপ্রান্তস্থসংখ্যাগুলি প্রশ্নেরমাননির্দেশক। যথাসম্ভবনিজেরভাষায়উত্তরদাও।)

একক: ১

মান : ২০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

ক) তোমাদের পাঠ্য 'রাধার কি হলো অন্তরে ব্যথা' পদটি অবলম্বনে পূর্বরাগের পদরচনায় পদকর্তার কৃতিত্বের পরিচয় দাও।

খ) 'গৌরাজ বিষয়ক পদ' ও 'গৌরচন্দ্রিকা'র মধ্যে পার্থক্য নির্দেশ করো। তোমাদের পাঠ্য 'নীরদ নয়নে নীরঘন সিধগনে' পদটির কাব্যসৌন্দর্য নিজের ভাষায় লেখো।

৩+৭

গ) তোমাদের পাঠ্য কবি রায়শেখরের 'মাথুর' পর্যায়ের পদে রাধিকার বিরহ-যন্ত্রণার যে হৃদয়বিদারক চিত্র উঠে এসেছে সে সম্পর্কে আলোচনা করো।

ঘ) 'তাতল সৈকত বারিবিন্দুসম' পদটিতে মাধবের প্রতি পদকর্তার যে সুগভীর আর্তি প্রকাশিত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো।

একক: ২

মান : ২০

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১ x ১০ = ১০

ক) "মানিকরাম গাঙ্গুলীর 'ধর্মমঙ্গল' কাব্যে অত্যধিক পরিমাণে পৌরাণিক উপাদানের ব্যবহার শিল্পগুণের ভারসাম্যহানি ঘটিয়েছে"— এই মন্তব্য কতটা গ্রহণযোগ্য, তা যুক্তিসহ আলোচনা করো।

খ) মানিকরাম গাঙ্গুলীর 'ধর্মমঙ্গল' কাব্যে বর্ণিত লাউসেন চরিত্রে সকল সম্ভাবনা থাকা সত্ত্বেও কেন নায়ক শ্রেণির চরিত্র হয়ে ওঠেনি, তা যুক্তিসহ আলোচনা করো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

১ x ১০ = ১০

ক) "দ্বি-নারীত্বের ব্যঞ্জনা উদ্ভাসিত হয়েছে 'লোর-চন্দ্রাণী ও সতী ময়না' কাব্যে"— চন্দ্রাণী ও ময়না চরিত্রের তুলনামূলক আলোচনার মাধ্যমে এই বক্তব্যের যৌক্তিকতা বিচার করো।

খ) 'লোর-চন্দ্রাণী ও সতী ময়না' কাব্যরচনায় দৌলত কাজীর কবিপ্রতিভার মূল্যায়ন করো।